

# 💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৪৪৪

२७/ ि किंकि९ (کتاب الطب)

পরিচ্ছেদঃ ২৫/৪. তোমরা রোগীকে জোরাজুরি করে খাওয়াবে না

بَابِ لَا تُكْرِهُوا الْمَرِيضَ عَلَى الطَّعَامِ

#### আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ نُمَيْرٍ، حَدَّثَنَا بَكْرُ بْنُ يُونُسَ بْنِ بُكَيْرٍ، عَنْ مُوسَى بْنِ عَلِيّ بْنِ مَلِيّ مَنْ مُوسَى بْنِ عَلِيّ بْنِ مَالِي الله عليه بْنِ رَبَاحٍ، عَنْ أَبِيهِ، عَنْ عُقْبَةَ بْنِ عَامِرٍ الْجُهَنِيّ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ " لاَ تُكْرِهُوا مَرْضَاكُمْ عَلَى الطَّعَامِ وَالشَّرَابِ فَإِنَّ اللَّهَ يُطْعِمُهُمْ وَيَسْقِيهِمْ " .

#### বাংলা

১/৩৪৪৪। 'উকবা ইবনে আমের আল-জুহানী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমরা তোমাদের রোগীকে পানাহার করতে পীড়াপীড়ি করবে না। কেননা আল্লাহ তাদের পানাহার করান।

### **English**

It was narrated from 'Uqbah bin 'Amir Al-Juhani that the Messenger of Allah (ﷺ) said:

"Do not force your sick ones to eat or drink. Allah will feed them and give them to drink."

## ফুটনোট

তিরমিয়ী ২০৪০, সহীহাহ ৭২৭, মিশকাত ৪৫৩৩। তাহকীক আলবানীঃ হাসান। উক্ত হাদিসের রাবী ১. ইউনুস বিন বুকায়র সম্পর্কে আবু আহমাদ বিন আদী আল-জুরজানী বলেন, তার হাদিসের অনুসরণ করা যাবে না। আবু হাতিম আর-রায়ী বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। আহমাদ বিন সালিহ আল-জায়লী বলেন, তার হাদিস বর্ণনায় কোন সমস্যা নেই। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি দুর্বল। ইমাম যাহাবী তাকে দুর্বল হিসেবে উল্লেখ করেছেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ৭৫৯, ৪/২৩২ নং পৃষ্ঠা) ২. মুসা বিন আলী বিন রাবাহ সম্পর্কে আবু হাতিম আর-রায়ী বলেন, তিনি একজন সৎ ব্যাক্তি ছিলেন। আবু হাতিম বিন হিব্বান তার সিকাহ গ্রন্থে তার নাম



উল্লেখ করেছেন। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় কখনো কখনো ভুল করেন। ইবনু আবদুল বার আল-আন্দালাসী বলেন, তিনি এককভাবে হাদিস বর্ণনা করলে সেক্ষেত্রে তিনি নির্ভরযোগ্য নয়। ইমাম বুখারী বলেন, তিনি সিকাহ। (তাহ্যীবুল কামালঃ রাবী নং ৬২৮৪, ২৯/১১২ নং পৃষ্ঠা)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন